

কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

সেচ ভবন, ৪র্থ তলা, ২২ মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফোন : ৯১১৭৮৬২, ৯১৩৬২৭৪, ৯১৩৬৪৯৫ ফ্যাক্স : ৮৮০-৯১২৭৫১৬, ইমেইল : nar@bartan.gov.bd, msh@bartan.gov.bd, ps@bartan.gov.bd, info@bartan.gov.bd, na@bartan.gov.bd

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০১.০৪.০০১.১৯-

তারিখ: ১২ ভাদ্র ১৪২৬
২৬ আগস্ট ২০১৯

বিষয়: বারটান-এর বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গত ২৫ আগস্ট ২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত বারটান-এর বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটির ২য় সভার কার্যবিবরণী এতদসঙ্গে পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো।

সংলগ্নী: বর্ণনামতে।

Sabbir
25-8-19
(সৈয়দ সাব্বির আহমেদ)
জনসংযোগ কর্মকর্তা

ও

বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটির সদস্য-সচিব

বিতরণ:

১. পরিচালক, বারটান, ঢাকা।
২. ফারজানা রহমান ভূঞা, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান, ঢাকা।
৩. গোলাম ছগির আহাম্মদ, বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান, ঢাকা।
৪. ইলোরা পারভীন, বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি।

জ্ঞাতার্থে:

১. নির্বাহী পরিচালক, বারটান, ঢাকা।
২. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চ: দা:), বারটান, ঢাকা।
৩. ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), বারটান, ঢাকা।
৪. প্রশাসনিক কর্মকর্তা।

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর বার্ষিক প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত
কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: কাজী আবুল কালাম
পরিচালক, বারটান

সভার তারিখ: ২৫ আগস্ট ২০১৯ খ্রি:

সভার সময়: বিকাল ৩.০০ ঘটিকা

সভার স্থান: বারটান-এর সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা-পরিশিষ্ট-'ক'।

১. সভার শুরুতে সভাপতি বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটির সকল সদস্যকে স্বাগত জানান। তিনি কমিটির সকল সদস্যকে যে বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা হবে সে প্রতিবেদনে যেন প্রাসঙ্গিক সকল তথ্যাদি অন্তর্ভুক্ত থাকে সে বিষয়ে গুরুত্ব প্রদান করার জন্য অনুরোধ জানান। তিনি কমিটির অন্যতম সদস্য বারটান-এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ফারজানা রহমান ভূঞা -কে গত সভার সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সভাকে অবহিত করার জন্য অনুরোধ করেন।

২. ফারজানা রহমান ভূঞা জানান যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন পরীক্ষা করা হয়েছে। তিনি ঐ সকল সংস্থার বিগত বছরের বার্ষিক প্রতিবেদনে যে সকল বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে তার বিবরণ সভায় উল্লেখ করেন।

৩. সৈয়দ সাব্বির আহমেদ, জনসংযোগ কর্মকর্তা জানান যে, বিগত অর্থ বছরে যে সকল উল্লেখযোগ্য কার্যক্রম সম্পাদিত হয়েছে তা যথাযথভাবে অন্তর্ভুক্তির জন্য মতামত ব্যক্ত করেন। বিশেষ করে অডিট আপত্তির তথ্যাদি প্রতিবেদনে থাকতে পারে বলে জানান।

৪. গোলাম হুগির আহাম্মদ, বৈজ্ঞানিক কর্মকর্তা জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ১৫.১০.২০১৯ খ্রি: তারিখের মধ্যে সকল দপ্তরের ওয়েবসাইটে বার্ষিক প্রতিবেদন আপলোড করা হলে এ বিষয়ে ১০০ নম্বর পাওয়া যাবে। ফলে, যথাসময়ে বার্ষিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক বারটান-এর ওয়েবসাইটে তা আপলোড করার উপর তিনি গুরুত্বারোপ করেন।

৫. সভায় বার্ষিক প্রতিবেদন প্রণয়ন বিষয়ে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) গবেষণা: ২০১৮-১৯ অর্থ বছরে বারটান কর্তৃক যে সকল গবেষণা গৃহীত হয়েছে সে সকল গবেষণার বিস্তারিত তথ্যাদি উল্লেখ করতে হবে। যে সকল গবেষণা শেষ হয়েছে সে সকল গবেষণার প্রাপ্ত ফলাফল উল্লেখ করতে হবে। এ বিষয়টি সৈয়দ সাব্বির আহমেদ, জনসংযোগ কর্মকর্তা সঠিকভাবে প্রতিবেদনে উল্লেখ করবেন।

(খ) প্রশিক্ষণ: ২০১৮-১৯ অর্থ বছরে বারটান কর্তৃক সমাপ্তকৃত প্রশিক্ষণের বিস্তারিত তথ্যাদি বার্ষিক প্রতিবেদনে উল্লেখ করতে হবে। সকল প্রশিক্ষণ তথা- ৩ দিনব্যাপী খাদ্যাভিত্তিক (ফলিত পুষ্টি) পুষ্টি, প্রশিক্ষক-প্রশিক্ষণ, স্কুল ক্যাম্পাইন এবং প্রান্তিক পর্যায়ের জনগণের জন্য (বস্তিবাসী, বিদেশগামী কর্মী, গার্মেন্টস কর্মী) পরিচালিত প্রশিক্ষণের তথ্যাদি উল্লেখ করতে হবে। তথ্য ও পরিসংখ্যানসমূহ বিভিন্ন গ্রাফের মাধ্যমে উপস্থাপন

করতে হবে। এ বিষয়টি ফারজানা রহমান ভূঞা, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা সঠিকভাবে প্রতিবেদনে উল্লেখ করবেন।

(গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: বার্ষিক প্রতিবেদনে ২০১৮-১৯ অর্থ বছরে সম্পাদিত চুক্তির আলোকে যে সকল কার্যক্রম সম্পাদিত হয়েছে তা যথাযথভাবে উল্লেখ করতে হবে। এ বিষয়টি কমিটির সদস্য গোলাম ছগির আহম্মদ, বৈজ্ঞানিক কর্মকর্তা তত্ত্বাবধান করবেন।

(ঘ) এনআইএস, এসডিজি এবং অডিট আপত্তি: শুদ্ধাচার ও এসডিজি বিষয়ে ২০১৮-১৯ অর্থ বছরে বারটান কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহের যথাযথ তথ্যাদি প্রতিবেদনে উল্লেখ করাতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি তাসনিমা মাহজাবীন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা-এর নিকট হতে সংগ্রহ করে সৈয়দ সাক্বির আহমেদ, জনসংযোগ কর্মকর্তা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করবেন। তিনি অডিট আপত্তির তথ্যাদিও সংগ্রহ করে প্রতিবেদনে সন্নিবেশ করবেন।


(ঙ) উদ্ভাবন: বার্ষিক প্রতিবেদনে ২০১৮-১৯ অর্থ বছরে বারটান কর্তৃক উদ্ভাবিত কার্যক্রমের তথ্যাদি সমন্বয় করে সৈয়দ সাক্বির আহমেদ, জনসংযোগ কর্মকর্তা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করবেন।

(চ) সমন্বয়: বারটান পুষ্টি সম্পর্কিত যে সকল প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে কাজ করছে সে সকল কাজের বিবরণ ও ছবি তাসনিমা মাহজাবীন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা-এর নিকট হতে সংগ্রহ করে সৈয়দ সাক্বির আহমেদ, জনসংযোগ কর্মকর্তা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করবেন।

(ছ) বেতার কথিকা ও মেলা: বার্ষিক প্রতিবেদনে ২০১৮-১৯ অর্থ বছরে বারটান কর্তৃক যে সকল বেতার কথিকা এবং মেলায় অংশগ্রহণ করা হয়েছে (আঞ্চলিক কার্যালয়সহ) তার বিস্তারিত বিবরণ ও ছবি উল্লেখ করতে হবে। এ বিষয়টি ইলোরা পারভীন, বৈজ্ঞানিক কর্মকর্তা তত্ত্বাবধান করবেন।

(জ) সৈয়দ সাক্বির আহমেদ, জনসংযোগ কর্মকর্তা বার্ষিক প্রতিবেদনের খসড়া ১৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি: তারিখের মধ্যে পরবর্তী সভায় উপস্থাপন করবেন।

৬. আর কোনো আলোচনা না থাকায় সভাপতি কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(কাজী আবুল কালাম)
পরিচালক





ও

সভাপতি, বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি

বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটির দ্বিতীয় সভা

তারিখ: ২৫/০৮/২০১৯খ্রিঃ

হাজিরা শিট

নাম	পদবী	স্বাক্ষর
কাজী আবুল কালাম	পরিচালক (সভাপতি)	 ২৫/৮/১৯
ফারজানা রহমান ভূঞা	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	 ২৫/৮/১৯
ইলোরা পারভীন	বৈজ্ঞানিক কর্মকর্তা	 ২৫.৮.১৯
গোলাম ছগির আহাম্মদ	বৈজ্ঞানিক কর্মকর্তা	 ২৫/৮/১৯
সৈয়দ সাক্বির আহমেদ	জনসংযোগ কর্মকর্তা (সদস্য সচিব)	 ২৫.৮.১৯